



সভাপতি সম্পাদক

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়  
**শিক্ষক সমিতির**  
**সভাপতি-সাইদুল**  
**সম্পাদক পরিমল**

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে ১৫টি পদের সব কটিতে প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী হয়েছেন। মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে সবাইকে বিনাপ্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী ঘোষণা করে নির্বাচন কমিশন।

প্রাথমিকভাবে সভাপতি পদে নির্বাচিত হয়েছেন বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. সাইদুল হক। সহসভাপতি পদে ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবু মো. ইকবাল রুমি শাহ, কোষাধ্যক্ষ পদে মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক শেখ মাজেদুল হক, সাধারণ সম্পাদক পদে বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. পরিমল চন্দ্র বর্ষণ ও যুগ্ম সম্পাদক পদে রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক এইচএম তারিকুল ইসলাম নির্বাচিত হয়েছেন।

এ ছাড়া কার্যকরী সদস্য হিসেবে সহযোগী অধ্যাপক মো. ফেরদৌস রহমান, সহকারী অধ্যাপক মোহাম্মদ রফিকুল আজম খান, ড. শফিকুর রহমান, প্রভাষক মো. শরিফুল ইসলাম, ড. মো. রশীদুল ইসলাম, জাসিফ আল মতিন, মুহা. শামসুজ্জামান, আবু রেজা মো. তৌফিকুল ইসলাম, তাবিউর রহমান প্রধান ও প্রভাষক মো. দেলোয়ার হোসেন প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেন। সংবাদ বিজ্ঞপ্তি।